

**অধ্যক্ষের কার্যালয়**  
**চাঁদপুর সরকারি কলেজ, চাঁদপুর।**

বিজ্ঞপ্তি নং- ২২৯

তারিখ: ০৬/১২/২০২২ খ্রি.

ছাত্র-ছাত্রী ও সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, ২০২০ সালের মাস্টার্স শেষ পর্ব নিয়মিত, অনিয়মিত, প্রাইভেট ও গ্রেড উন্নয়ন পরীক্ষার্থীদের পরীক্ষার ফরম পূরণের তারিখ, ফিসের হিসাব ও অন্যান্য নিয়মাবলী নিম্নে দেয়া হলো। এ পরীক্ষার আবেদন ফরম পূরণ সংক্রান্ত যাবতীয় কার্যক্রম Online এর মাধ্যমে সম্পন্ন করা হবে। ফরম পূরণের সকল ক্ষেত্রে অবশ্যই কোভিড-১৯ সংক্রান্ত স্বাস্থ্যবিধি মেনে চলতে হবে।

ফরম পূরণের তারিখ ও ফিসের হিসাব নিম্নরূপ:

বিষয়	ফরমপূরণ ফি			অনলাইনে ফরম পূরণ, ফি প্রদান ও ফরম জমা দেওয়ার তারিখ
	নিয়মিত/অনিয়মিত (সকলপত্র)	প্রাইভেট (সকলপত্র)	গ্রেড উন্নয়ন/ অকৃতকার্য (এক বা একাধিক কোর্সের পরীক্ষার্থী)	
বাংলা, ইংরেজি, ইতিহাস, ইসলামের ইতিহাস ও সংস্কৃতি, দর্শন, অর্থনীতি, সমাজকর্ম, রাষ্ট্রবিজ্ঞান, হিসাববিজ্ঞান ও ব্যবস্থাপনা	৩৪৫০/-	৩২০০/-	০১ পত্র/ কোর্স = ১০৫০/- ০২ পত্র/ কোর্স = ১৩০০/- ০৩ পত্র/ কোর্স = ১৫৫০/-	অনলাইনে ফরমপূরণ: ১১/১২/২০২২ তারিখ হতে ২৬/১২/২০২২ তারিখ পর্যন্ত। মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে ফি প্রদানের তারিখ: ১৫/১২/২০২২ তারিখ হতে ৩১/১২/২০২২ তারিখ পর্যন্ত।
পদার্থবিদ্যা, রসায়নবিদ্যা, উদ্ভিদবিদ্যা, প্রাণিবিদ্যা, গণিত এবং ভূগোল ও পরিবেশ	৩৬৫০/-	-----		পরীক্ষার আবেদন ফরম ও অনলাইন ব্যাংকিং এর মাধ্যমে ফি জমা দেওয়ার রশিদ সংশ্লিষ্ট বিভাগে জমা দেওয়ার তারিখ: ০১/০১/২০২৩ তারিখ হতে ০৩/০১/২০২৩ তারিখ পর্যন্ত।

ফরম পূরণের নিয়মাবলী :	২০২০ সালের মাস্টার্স শেষ পর্ব পরীক্ষার ফরম পূরণ সংক্রান্ত কার্যক্রম অন-লাইনের মাধ্যমে সম্পন্ন করা হবে বিধায় পরীক্ষার্থী নিজে জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইট <a href="http://ems.nu.ac.bd/student-login">http://ems.nu.ac.bd/student-login</a> এ প্রবেশ করে যথাযথভাবে রেজিস্ট্রেশন নম্বর ও সঠিক বিষয় কোড এন্ট্রি করে আগামী ১১/১২/২০২২ তারিখ হতে ২৬/১২/২০২২ তারিখের মধ্যে আবেদন ফরম ডাউন লোড করে প্রিন্ট নিতে হবে। বিষয় কোডে গড়মিলের কারণে পরীক্ষা সংক্রান্ত জটিলতার জন্য কলেজ কর্তৃপক্ষ দায়ী থাকবে না।
ফি জমাদানের নিয়মাবলী :	নিয়মিত, অনিয়মিত ও প্রাইভেট সকল পত্রে ও গ্রেড উন্নয়ন/অকৃতকার্য পরীক্ষার্থীগণ বিকাশ অথবা নগদ অ্যাপস-এ প্রবেশ করে এডুকেশন ফি অপশনে চাঁদপুর সরকারি কলেজ নির্বাচন করতে হবে। অতপর Student ID এর ছলে পরীক্ষার্থী নিজের রেজিস্ট্রেশন নম্বর লিখে Month- December-22 Select করে পরীক্ষার ফিসের মোট টাকা সার্ভিস চার্জসহ (স্বয়ংক্রিয়ভাবে কাটা যাবে) নিশ্চিত হয়ে আগামী ১৫/১২/২০২২ তারিখ হতে ৩১/১২/২০২২ তারিখের মধ্যে Payment সম্পন্ন করতে হবে।
সংশ্লিষ্ট বিভাগে ফরম পূরণের ফরম জমা দেওয়ার নিয়মাবলি	মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে ফি পরিশোধের পর পরীক্ষার ফরম পূরণের আবেদন ফরম, রেজিস্ট্রেশন কার্ডের ফটোকপি ও অনলাইন পেমেন্ট কপি আগামী ০১/০১/২০২৩ তারিখ হতে ০৩/০১/২০২৩ তারিখের মধ্যে আবশ্যিকভাবে সংশ্লিষ্ট বিভাগে জমা দিতে হবে। বর্ণিত কাগজপত্র সংশ্লিষ্ট বিভাগে জমা না দিলে ফরম পূরণ সম্পন্ন হয়নি বলে গণ্য হবে।

পরীক্ষায় অংশগ্রহণের শর্তাবলী:

নিয়মিত পরীক্ষার্থী	জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীন ২০১৯-২০২০ শিক্ষাবর্ষের নিয়মিত এবং ২০২০ সালের প্রাইভেট শিক্ষার্থীরা নিয়মিত পরীক্ষার্থী হিসেবে পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে।
অনিয়মিত পরীক্ষার্থী	(ক)। ২০১৭-২০১৮ এবং ২০১৮-২০১৯ শিক্ষাবর্ষের যেসব শিক্ষার্থী ২০১৮ এবং ২০১৯ সালের পরীক্ষায় অংশগ্রহণ করেনি তারা ২০২০ সালের পরীক্ষায় অনিয়মিত পরীক্ষার্থী হিসেবে সকল পত্রের/ কোর্সের পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে। (খ)। ২০১৭-২০১৮ এবং ২০১৮-২০১৯ শিক্ষাবর্ষের যেসব শিক্ষার্থী ২০১৮ এবং ২০১৯ সালের পরীক্ষায় অংশগ্রহণ করে এক বা একাধিক পত্রে “F” গ্রেড পেয়ে অকৃতকার্য হয়েছে তারা ২০২০ সালের পরীক্ষায় শুধুমাত্র “F” গ্রেড প্রাপ্ত কোর্সের পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে। (গ)। ২০১৯ সালের মাস্টার্স শেষ পর্ব পরীক্ষায় সকল বিষয়ে অংশ নিয়ে যেসব শিক্ষার্থী এক বা একাধিক পত্রে “F” গ্রেড পেয়েছে সেসব শিক্ষার্থী “F” গ্রেড প্রাপ্ত কোর্সে পরীক্ষায় অংশ নিবে এবং একইসাথে C এবং D গ্রেড প্রাপ্ত কোর্সে গ্রেড উন্নয়নের লক্ষ্যে অংশগ্রহণ করতে পারবে। এসব শিক্ষার্থী ২০২০ সালের পরীক্ষায় উত্তীর্ণ হলে মানোন্নয়ন/গ্রেড উন্নয়ন পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ পাবেনা।
গ্রেড উন্নয়ন পরীক্ষার্থী	২০১৯ সালের পরীক্ষায় সকল বিষয়ে অংশগ্রহণ করে যেসব শিক্ষার্থী CGPA-2.5 এর কম পেয়ে উত্তীর্ণ হয়েছে তারা ২০২০ সালের শুধুমাত্র ২০১৭-২০১৮ এবং ২০১৮-২০১৯ শিক্ষাবর্ষের পরীক্ষায় যে সকল কোর্স বা পত্রে C এবং D গ্রেড পেয়েছে শুধুমাত্র সেসব কোর্স/ পত্রে {সর্বোচ্চ ০২ (দুই)টি পত্রে} মানোন্নয়ন পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে। উল্লেখ্য যে, এসব শিক্ষার্থীর ইনকোর্স /ব্যবহারিক, টার্মপেপার, মৌখিক পরীক্ষার পূর্ববর্তী বছরের নম্বর বহাল থাকবে।

সিলেবাস : ২০২০ সালের মাস্টার্স শেষ পর্ব পরীক্ষা জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃক প্রণীত ২০১৩-২০১৪ শিক্ষাবর্ষ হতে কার্যকর নতুন সিলেবাস অনুযায়ী অনুষ্ঠিত হবে।

ফলাফল : এ পরীক্ষার ফলাফল প্রকৃতিতে প্রকাশ করা হবে।

  
অধ্যক্ষ

চাঁদপুর সরকারি কলেজ

চাঁদপুর।

চাঁদপুর সরকারি কলেজ  
চাঁদপুর।

অনুলিপি :

- ১। উপাধ্যক্ষ, চাঁদপুর সরকারি কলেজ, চাঁদপুর।
- ২। বিভাগীয় প্রধান, সকল বিভাগ, চাঁ.স.ক।
- ৩। কলেজ ওয়েব সাইট: [www.chandpurcollege.edu.bd](http://www.chandpurcollege.edu.bd)
- ৪। অফিস নথি।